## Descriptive with Crackex



# Why work hours need to be regulated in India

Does the name Bhimesh Babu ring a bell? Earlier this month, his ghastly death sparked a nationwide debate. His death rekindled an old debate about working conditions in India.

On November 2, Babu was about to leave for home in Bengaluru late at night, after winding up his work in a digital data bank. It was his practice to generally nudge his colleagues to dim unnecessary lights or switch them off. That night, too, he asked his junior colleague to do the same, who got irritated and turned violent. The assault was so brutal that Babu died.

This incident once again sparked a debate on work-life balance.

Increasing workload in offices and strained relations are pushing people towards a crisis. Many surveys claim India's ambition to become an economic superpower is resulting in a burnout epidemic across the workforce.

These surveys also claim that India is consistently topping the charts when it comes to work hours, which are far longer than globally accepted norms: A 48-hour work week is the norm, according to the International Labour Organisation.

On the contrary, India is among those 13 countries where work hours are among the longest. Its ill effects are visible. According to a survey, more than 60% of professionals show signs of burnout. It's not that the situation was better before; during the Covid-19 epidemic, it deteriorated markedly. People worked from home and were instructed to stay logged in.

So, what is behind the so-called burnout syndrome?

It arises due to excessive work pressure. When professional compulsions start interfering with personal life, people tend to slide into depression and even report violent tendencies. Babu became a victim of this tendency. It was expected that after the pandemic, schedules at workplaces would return to normalcy. Instead, the situation has further declined. Now, with the help of new digital technologies, people are constantly monitored whether they are at home or in the office. Even the professionals working in the "field" are told to share GPS locations.

Research suggests that long hours, instead of benefiting companies, are leading to diminishing returns. Usually, in a shift of eight to nine hours, a worker's peak performance is limited to not more than two-and-a-half to three hours. Gradually, they slow down or get bored.

There is a gender divide also. A company specialising in human resources found out that office stress and its resultant complications in domestic life adversely affected women more, as reflected in the higher rate of attrition among them.

The IT sector is seen to be the most ruthless in this matter. A larger number of their clients live on the other side of the globe. To service their requirements, the workforce in India has to adjust its lives according to the client's timetable and needs. Along with this, language, behaviour and technical glitches make their work atmosphere quite challenging. At times, they have to work for 12 hours on the trot. Working for more than 50 hours a week in this sector is the accepted norm.

There are many sectors where employees are expected to be available round the clock. They are bound to be responsive to company emails, WhatsApp groups or the company's personal messaging systems. Those who respond immediately are considered dedicated and meritorious. The ones who are slow to respond are declared laggards and shirkers. This widens the chasm between managers and the workforce. At times, it turns dangerous.

Before Babu, Anna Sebastian Perayil's case hogged the limelight too. The 26-year-old woman had joined a multinational firm, but within 14 months of her joining the company, she died of a heart attack. Her mother accused her seniors of mental harassment and alleged that they would force her to work for 14 hours daily. Many such cases have come to light since.

Unfortunately, these incidents are increasing. Not only has it affected the workforce, but adversely impacted corporate houses as well. Who's responsible for the situation? Companies or their HR departments? None.

If the issue is becoming a national emergency, it demands national attention and a policy. Some countries have taken great strides in this direction.

In France, there's a complete ban on sending official emails or WhatsApp between 7 pm to 8 am. In some Western countries, professionals are advised to desist from checking their emails or smartphones first thing in the morning. They are asked to give time to themselves. In some countries, instead of monitoring log-in or desk time, performance measures are being worked out.

While demarcating digital boundaries, workers are encouraged to go on paid holidays.

Many Indian corporations are moving in this direction. But India needs a national policy that ensures the development and well-being of both corporations and their workers. It's because productivity is inextricably linked to the well-being of the worker. New norms are essential in an age where technology has started dominating humans.

*Shashi Shekhar is editor-in-chief, Hindustan. The views expressed are personal*

crackex

The Indian EXPRESS

## Crack Vocab

- *Gig workers – People who work on short-term or task-based jobs through digital platforms*
- *Digital platforms – Online apps or websites that connect workers with customers*
- *Pegged – Estimated or fixed at a particular number*
- *Absorption – Taking in or employing a large number of workers*
- *Non-farm sector – Jobs not related to agriculture*
- *Welfare – Well-being and basic support for workers*
- *Fluctuating – Frequently changing or unstable*
- *Transparency – Openness and clarity in systems or processes*
- *Pay structures – The method by which wages and payments are calculated*
- *Strikes – Collective refusal to work as a form of protest*
- *Labour codes – New laws governing employment, wages and worker protection*
- *Aggregators – Companies or platforms that connect gig workers with customers*
- *Turnover – Total revenue earned by a company*
- *Social security fund – Money set aside to provide benefits like insurance and pensions*
- *Maternity benefits – Support given to women workers during and after pregnancy*
- *Prudent – Wise and careful in decision-making*
- *Labour-abundant economy – An economy with a large supply of workers*
- *Utility – Satisfaction or benefit gained by consumers*
- *Bottom line – A company's profit or financial result*
- *Negotiated – Discussed and agreed upon through mutual discussion*

crackex



The Brief Box

## *Title: Gig Workers' Issues Need Fair and Balanced Solutions*

crackex

In the last decade, the number of gig workers in India has increased rapidly because of digital platforms like food delivery and ride-hailing apps. Reports show that gig and platform workers may rise from about 7.7 million in 2020–21 to 23.5 million by 2029–30. Companies such as Zomato, Blinkit, Uber, Swiggy and Zepto employ lakhs of workers every month. However, along with this growth, serious concerns have emerged about workers' welfare. These include unstable wages, unclear payment systems, long working hours and unsafe conditions. Recent strikes by delivery workers demanding a ban on very fast deliveries have highlighted these problems. The government has taken steps through new labour codes to recognise gig workers and provide social security benefits like insurance and maternity support, funded partly by platform companies. Still, companies must take responsibility, listen to workers' concerns, improve transparency in payments, and find fair solutions that balance profits with worker safety and well-being.

Crack Descriptive with CrackEx



# যান্ত্রিক সময়ে মানবিক সম্পর্ক

শ্রীতা মুখোপাধ্যায়

মানব জীবন নাকি 'রোবোটিক', যান্ত্রিক হয়ে যাচ্ছে সমানেই। তা হোক না কেন, একটা কথা ঠিক— মানবজীবনে সম্পর্কের ভূমিকা বড়ই কেন্দ্রীয়। কৃত্রিম মেধা ইত্যাদির প্রবল হস্তক্ষেপ সত্ত্বেও ব্যক্তির নিভৃত, ব্যক্তিগত জীবন অনেকাংশেই পরিচালিত হয় তার অপর মানুষের সঙ্গে সম্পর্ক বা সম্পর্কহীনতার উপর ভিত্তি করে। আর সেখানেই ঘেঁটে গিয়েছে প্রযুক্তি-অধ্যুষিত সময়ের হিসাব। আজকের নবীন প্রজন্মের কাছে সম্পর্ককে ব্যালান্স করে নিয়ে চলা এক কঠিন চ্যালেঞ্জ হয়ে দাঁড়াচ্ছে। এ কথা সব ধরনের সম্পর্কের ক্ষেত্রেই প্রযুক্ত।

জীবনের পথে চলতে বিশেষ কোনও মানুষ হঠাৎ চলে গেলে সব সময়ই তা মনকে কষ্ট দিয়ে যায়। যাবেও। তবে সেই কষ্টে নিমজ্জিত হওয়ার কোনও কারণ দেখি না। মানুষ, সম্পর্ক সবই তো অভ্যাসের ব্যাপার। এবং 'অভ্যাস' শব্দটাই অনেকটা সাময়িকের পর্যায়ে পড়ছে। সময়বিশেষে বদল ঘটে যাচ্ছে তাতে। অনেকটা সময় সেই অভ্যাসের মধ্যে থাকার পরে হঠাৎ সেটা থেকে বেরিয়ে এলে মনে হয় বুকের মধ্যেটা খালি হয়ে গেল। মনে হয় চোখ ঝাপসা হয়ে আসছে জলে। কেঁপে যাচ্ছে গলা। কিন্তু এটা প্রাথমিক প্রতিক্রিয়ামাত্র। সময়ের সঙ্গে আমরা পুরনো অভ্যাস, মুহূর্তগুলো ভুলে যেতে থাকব। তার পর একটা সময় আসবে, যখন সেগুলো শুধুই আবছা স্মৃতি হয়ে রয়ে যাবে। ঠিক তখনই অবসাদ, মনখারাপ কাটিয়ে উঠে জীবনের স্বাভাবিক ছন্দে ফিরে আসব আমরা। এই কাটিয়ে ওঠার পর্বটা পার হতে কারও কয়েক সপ্তাহ লাগে, কারও কয়েক মাস।

মানুষ আলাদা। তাদের পরিবেশগত অভিজ্ঞতা আলাদা। দৃষ্টিকোণও আলাদা হতে বাধ্য। সম্পর্ক নিয়ে জটিলতা তৈরি হয় সেখানেই। অনেকেই এই সম্পর্কে 'থাকা' বা তার থেকে 'বেরোনো'-র ব্যাপারে মন তৈরি করতে পারে না। মানে এই প্রবেশ-নিষ্ক্রমণ-পুনঃপ্রবেশ— এর মধ্যে দিয়ে অনবরত যাতায়াত তাদের ক্ষেত্রে সমস্যাটা বড় করে দেয়। হয়তো এক বার 'না' হয়ে গেলে, তাকে 'না' ধরে নিয়ে এগোনোই ভাল। তাতে কষ্টটা কম দিনের হয়। আর 'হ্যাঁ' মানে, ঝড়-ঝাপ্টা সামলানোর শক্তি নিয়ে চলা।



নবীন প্রজন্মের কাছে সম্পর্ক গোলকধাঁধার মতো হয়ে দাঁড়াচ্ছে মূলত তাদের জীবনাচরণ ও জীবনশৈলীর পার্থক্যগত কারণে। মুহূর্তে সব পাওয়া এবং পেয়ে হারানোর যে মুহূর্তগুলির মধ্যে তাদের আশৈশব চলে-ফিরে বেড়ানো, তা যে কখন বস্তু থেকে ব্যক্তিকে ফোকাস করে বসে, ব্যক্তি-বস্তুর ধারণা মিলেমিশে তালগোল পাকিয়ে যায়, মানুষ নিজেও জানে না। বেড়ে ওঠার বিভিন্ন পর্যায়ের মধ্যে দিয়ে যেতে যেতে এমন এক প্রতিযোগিতার মধ্যে আজকের কিশোর-কিশোরীরা শামিল হয়ে পড়ছে, যেখানে থেমে দাঁড়িয়ে নিজেকে প্রশ্ন করার সময়ও তারা পায় না। তাই ব্যক্তিগত জীবনে বস্তুবদলের মতো সেই একই দৃষ্টিভঙ্গি থেকে তারা সম্পর্ককেও দেখে। ব্যক্তি ও বস্তুতে তফাত করার ক্ষমতাটুকু হারিয়ে ফেলার ফলেই হয়তো আজকের আলফা-বিটা-গামারা মন ভেঙে বসে পড়ে মাঝপথে। অনেক সময় হৃদয়ভঙ্গের যন্ত্রণাকে ভুলতে ভুলবশতই অপরাধমূলক কর্মের সঙ্গেও জড়িয়ে পড়ে। 'সেলফ লাভ', 'মি টাইম' ইত্যাদি শিক্ষাকে মন্ত্রপাঠের মতো পড়িয়ে আজকের আধুনিক সমাজ শিশুদের শেখায় আত্মপর হতে, সুযোগসন্ধানী হতে, অর্থ ও আত্মস্বার্থের বলে বলীয়ান হতে। অন্য দিকে, তারাই সমাজের প্রতি, সমাজব্যবস্থার প্রতি চরম দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় দিলে সমালোচনায় বিদ্ধ করে তোলা হয় তাদের।

এ বার এই ক্ষতবিক্ষত সমাজের বুকে দাঁড়িয়ে নতুন প্রজন্মকে নতুন পাঠ পড়ানোর সময় এসেছে। জীবিকার সাফল্যের পাশাপাশি তাকে দিতে হবে নৈতিকতা, মানবিক মূল্যবোধের শিক্ষা। প্রাথমিক ভাবে ঘরেরই চার দেওয়ালের মধ্যে অভিভাবককে শিশু-কিশোরের মধ্যেকার মানবিক সংবেদনাকে লালন করতে হবে। তাঁদের নিতে হবে পেরেন্টিং-এর নতুন পাঠ। ব্যক্তিগত জীবনের কেন্দ্রে দাঁড়িয়ে সিদ্ধান্ত এবং সিদ্ধান্তহীনতার মাঝের বিন্দুতে অবস্থানকারী কিশোর বা যুবকটি কী করবে, এ পথনির্দেশ পৃথিবীর কোনও কৃত্রিম মেধা দিতে পারবে না। হৃদয় ও মস্তিষ্কের কোষে দ্রুত রক্ত সঞ্চালনকে কী ভাবে নিয়ন্ত্রণ করা যাবে, কী ভাবে নিয়ন্ত্রণ করা যাবে আবেগকে, পৃথিবীর কোনও পাঠশালায় সে পাঠ শেখানো হয় না। আর তাই সেই সব স্পর্শকাতর বিন্দুগুলিতেই মারাত্মক ভুল করে বসার সম্ভাবনা পুরোমাত্রায় থেকে যায়। সেই ভুলের বোঝা সমাজ মাথা নিচু করে বহন করে চলছে। চলবেও। কিন্তু সিস্টেমে কোথাও তো একটা বদল দরকার।

শৈশবকাল থেকেই শিশু যদি পায় আপনজনের সান্নিধ্য, স্নেহ-মমতার 'ওম'— সে সুরক্ষিত অথচ আত্মনির্ভরশীল হতে পারে। বহির্জগৎকে শুধু 'লড়াই' দেওয়া নয়, সমাজকে, সম্পর্ককে সুরক্ষার বর্মে ঢেকে রাখার মতো করে নিজেকে যাতে উপযোগী করে গড়ে তুলতে পারে, 'আমি' থেকে 'আমরা'-র চেতনায় যেন বিশ্বাস রাখতে পারে, বাজার ও চাহিদামুখী শিক্ষায় উচ্চতর নম্বর প্রাপ্তির পরেও যাতে সাংগঠনিক চেতনায় ঋদ্ধ হয়, প্রতিকূলতার সম্মুখীন হয়েও যাতে মূল্য দিতে পারে মানবিক সম্পর্ককে, সে ভাবেই নতুন প্রজন্মকে শিক্ষিত করে তুলতে হবে। তবেই এক দিন পৃথিবীটা হয়ে উঠবে মানুষের বাসযোগ্য।

বাংলা বিভাগ, জাকির হুসেন দিল্লি কলেজ (সান্ধ্য)

*দু'টি প্রবন্ধের বক্তব্য লেখকের নিজস্ব।*
*প্রবন্ধ পাঠানোর ঠিকানা: editpage@abp.in*
*অনুগ্রহ করে সঙ্গে ফোন নম্বর জানাবেন।*

WBCS
MISCELLANEOUS CLERKSHIP, WBP SI

আনন্দবাজার পত্রিকা

CrackEx